

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মে ২৯, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

প্রজ্ঞাপন

ঢাকা, ১৩ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ/ ২৭ মে ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর ০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.২৪ ৯৮—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'সরকারের শূন্যপদ পূরণ, আবশ্যিকীয় নতুন পদ সৃজন ও এই সকল পদে নিয়োগের প্রক্রিয়া ত্বরান্বিত করার বিষয়ে সুপারিশ প্রণয়ন এবং এগুলো বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য গঠিত কমিটি' নিম্নরূপে গঠন করেছে:

ক) কমিটির গঠন:

| | |
|-----------------------------------------|----------|
| (১) মন্ত্রিপরিষদ সচিব | আহ্বায়ক |
| (২) সচিব জনপ্রশাসন মন্ত্রণালয় | সদস্য |
| (৩) সচিব মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ | সদস্য |
| (৪) সচিব স্বাস্থ্য সেবা বিভাগ | সদস্য |
| (৫) সচিব প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য |
| (৬) সচিব অর্থ বিভাগ | সদস্য |
| (৭) সচিব লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | সদস্য |

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(১৮৩৪৯)

মূল্য : টাকা ৪.০০

(খ) কমিটির কার্যপরিধি:

- (১) প্রচলিত আইন, নীতি ও বিধি বিধানসমূহ পর্যালোচনা করে শূন্য পদে নিয়োগ, নূতন পদ সৃজন ও নিয়োগ প্রক্রিয়া ত্বরান্বিত করার ক্ষেত্রে বিদ্যমান জটিলতা নিরসনে করণীয় নির্ধারণের জন্য প্রয়োজনীয় সুপারিশ প্রদান;
- (২) প্রয়োজনে বিদ্যমান আইন/বিধি/নীতিমালা সংশোধন ও নূতন আইন/বিধি/নীতিমালা প্রণয়নের ব্যবস্থা গ্রহণ।

(গ) কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো অপ্ট করতে পারবে।

(ঘ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি অনুবিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

ঙ এতৎসংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ২৪ এপ্রিল ২০১৪ তারিখের ০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.১৪.৭৭ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

০২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোহাম্মদ আশরাফুজ্জামান ভূঁইয়া)

উপসচিব (কমিটি)

ফোন: ৯৫১১০৮১

e-mail: ca_sec@cabinet.gov.bd